

☆ ☆ ☆
☆ ☆ ☆

অনিদ্রার পদ্য রাজন নন্দী



সন্ধ্যা; দিগন্তে আগ্রাসী রাত ।
আকাশের কালো শাড়িতে জরীর মতন
নক্ষত্র অযুত ।

একখানা চাঁদ ক্রমে যৌবনবতী হলে
পৃথিবীর হরেক চকোর ঘর ছাড়ে ।
মানবের বেশে, জোছনার প্রেমে, চকোর নেশায় ।

হঠাৎ কোথাও খসে পড়ে - চকিত দ্রুতি ।
ক্রমশ চাঁদের যৌবন মিলায়ে যায়, পরম্পরায় ।
আকাশের গায়ে রয়ে যায় তবু কিছু অবাক আলো!

সেই আলোয় স্বাতী নক্ষত্রের জল
খুঁজে খুঁজে ক্লান্ত জোছনার লোভ!
ঘোর লাগা চোখে ঘুম যায় চকোর মানব ।